# উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি, আদিতমারী, লালমনিরহাট।

স্থান ঃ প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ ঃ ৩০/০৬/২০২৫খ্রিঃ

সময় ঃ সকাল ১১.০০টা।

**পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-সংযুক্ত**

**আলোচ্য সূচিঃ**

১. স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক অগ্রগতি

২. অন্যান্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে মোঃ আব্দুর রব সরকার, সহকারী প্রকৌশলীকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিব শুরুতে সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক অগ্রগতি | সদস্য সচিব সভাকে জানান যে, নিরাপদ পানি প্রকল্পের আওতায় ৯৬টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। চেয়ারম্যান সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, সাপ্টিবাড়ী ইউনিয়নটি সুপীয় পানির অনেক অভাব রয়েছে। এই ইউনিয়নে বেশী বরাদ্দ দেওয়ার জন্য সভার সভাপতি মহোদয়কে অনুরোধ করেন।<br>সভাপতি মহোদয় জানান যে, বরাদ্দকৃত নলকূপগুলোর মধ্যে সুবিধাবঞ্চিত পরিবার যে আবেদনগুলো করেছে সেগুলো সরেজমিনে যাচাই-বাছাই ও ইউনিয়ন পরিষদ কর্তৃক সাইট লিস্ট পরিদর্শন করে পানির সুবিধা বঞ্চিত হতদরিদ্র পরিবারের মাঝে নলকূপগুলি বিতরণ করার জন্য আহ্বান জানান। | বরাদ্দকৃত নিরাপদ পানি প্রকল্পের আওতায় ৯৬টি নলকূপের মালামাল ও কাজের গুণগতমান সঠিক রেখে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আবেদনগুলো যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিধান কান্তি হালদার)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
আদিতমারী উপজেলা, লালমনিরহাট।
dphe.aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং-৪৬.০৩.৫২০২.০০০.০৬.০০৯.২৫-২০৫(১) তারিখ: ৩০/০৬/২০২৫খ্রি:

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
২। চেয়ারম্যান............................ ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
৩। জনাব ........................................ আদিতমারী, লালমনিরহাট।

৩০/৬/২৫

(মোঃ আব্দুর রব সরকার)
সহকারী প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

CamScanner